প্রথম আলো

৭

বৃহস্পতিবার, ৩০ জুলাই ২০২৬, ১৫ শ্রাবণ ১৪৩৩

## মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ - এর খেলাপী ঋণগ্রহীতা, "মেসার্স হক আয়রন মার্ট"-এর স্বত্বাধিকারী- জনাব মোঃ আব্দুল হক মজুমদার, পিতাঃ মরহুম আবদুল মতিন মজুমদার, ব্যবসায়িক ঠিকানা : # ৩৮০৪/এ, সাগরিকা রোড, পাহাড়তলী, জেলা- চট্টগ্রাম-এর নিকট ২৭/০৭/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১৯,৯৩,১১,৮২২.০০ (উনিশ কোটি তিরানব্বই লক্ষ এগার হাজার আটশত বাইশ) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে ০১. মো : আব্দুর রব মজুমদার (তফসিল ০১ এর মালিক), পিতাঃ মোঃ আব্দুল হক মজুমদার, হাউজ ৩৬৩৭/এ, সাগরিকা রোড, দক্ষিণ সরাই পারা কাস্টমে একাডেমি, চট্টগ্রাম ২. মোসাম্মৎ মমতাজ বেগম (তফসিল ০২ এর মালিক), স্বামীঃ মাঃ আব্দুল হক মজুমদার, সাং- ভুইগড়, কুতুবপুর ১৪২১, থানা- নারায়ণগঞ্জ সদর, জেলা-নারায়ণগঞ্জ কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### দরপত্রের শর্তাবলী ঃ

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৫.০৮.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

**তফসিল ০১ :** জেলাঃ নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস : ফতুল্লা, নারায়ণগঞ্জ কালেক্টরেট মৌজা- ভুইগড় জোত নং- ৮৪৯৯, খতিয়ান নংঃ সি.এস.- ২৪৩, এস.এ.- ৩১৯, আর.এস.- ৭৯০, দাগ নং সি.এস. ও এস.এ.- ১০৬১, আর.এস.- ১৯১৭। ভূমির পরিমাণ মোট ১১ (এগার) শতাংশ এবং তদস্থিত ২ (দুই) তলা বিশিষ্ট ভবনসহ যাবতীয় নির্মাণাদি ইত্যাদি যাহা কিছু আছে এবং হইবে। চৌহদ্দিঃ উত্তরে- সরকারি রাস্তা, দক্ষিণে- অন্য দাগের জমি, পূর্বে- রাস্তা, পশ্চিমে- মোসাম্মৎ মমতাজ বেগম।

**তফসিল ০২ :** জেলাঃ নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিসঃ ফতুল্লা, নারায়ণগঞ্জ কালেক্টরেট মৌজা- ভুইগড় জোত নং- ৬৫২২, খতিয়ান নংঃ সি.এস.- ২৪৩, এস.এ.- ৩১৯, আর.এস.- ৭৯০, মিউটেশন : ৬৫১২ দাগ নং ঃ সি.এস. ও এস.এ.- ১০৬১, আর.এস.- ১৯১৭। ভূমির পরিমাণ মোট ১২ (বার) শতাংশে। চৌহদ্দিঃ উত্তরে- রাস্তা, দক্ষিণে- আব্দুল করিম, পূর্বে- আব্দুল রব মজুমদার, পশ্চিমে- রাস্তা।

উপরোল্লিখিত ২টি তফসিলে মোট জমির পরিমাণ (১১.০০+১২.০০) = ২৩.০০ শতক ভূমি এবং তদস্থিত বর্তমান ও ভবিষ্যৎ নির্মিতব্য সকল স্থাপনাদি।

**পক্ষে :** ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ। ফোন নং-০১৮১৯৪১১৯২৯।